

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০২০.১৬/৮০৬

তারিখঃ ২৫/১১/২০১৬ইং।

প্রতি : জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
কুমিল্লা।

বিষয় : পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট, কুমিল্লা এর ড্রাফটসম্যান জনাব মোঃ আবুল হাসেম চাকুরীর অবস্থায় গত ০৮/০৭/২০১৫ইং তারিখে মৃত্যুবরণ করেছেন। এতদপ্রেক্ষিতে মরহুমের বিধবা স্ত্রী নাসিমা আক্তার পরিবারের অন্যান্য ওয়ারিশগণের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে নির্ধারিত ফরমে পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরীর আবেদন জানিয়েছেন।

২। উক্ত কর্মচারীর মৃত্যু তারিখে শেষ মাসিক গ্রহীতব্য বেতন ৪৩,১৭০/- টাকা। তার চাকুরীকাল ২৫ বৎরের উর্ধ্বে হওয়ায় পেনশনের হার ৯০% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ৩৮,৮৫৩/-টাকা। মোট অবসরভাতার অর্ধাংশ (৩৮,৮৫৩÷২)=১৯,৪২৬/৫০ টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হিসাবে থেকে প্রাপ্য আনুতোষিক (১৯,৪২৬/৫০×২৩০/-)=৪৪,৬৮,০৯৫/- (চুয়াল্লিশ লক্ষ আটষট্টি হাজার পঁচানব্বই) টাকা প্রাপ্য।

উক্ত কর্মচারীর নিকট গৃহ নির্মাণ অগ্রিমের সুদ বাবদ পাওনা ৬০,৫০০/- (ষাট হাজার পাঁচশত) টাকা। উক্ত আনুতোষিক হতে সরকারী পাওনা কর্তন করে (৪৪,৬৮,০৯৫-৬০,৫০০/-)=৪৪,০৭,৫৯৫/- (চুয়াল্লিশ লক্ষ সাত হাজার পাঁচশত পঁচানব্বই) টাকা মাত্র এককালীন আনুতোষিক এবং ০৮/০৭/২০১৫ইং তারিখ হতে মাসিক নীট ১৯,৪২৬/৫০ (উনিশ হাজার চারশত ছাব্বিশ টাকা পঞ্চাশ পয়সা) হারে পারিবারিক অবসরভাতা নির্দেশিত হয়ে মঞ্জুরী প্রদান করা হলো।

৩। মরহুমের বিধবা স্ত্রী নাসিমা আক্তার এর অনুকূলে পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য নিম্নবর্ণিত কাগপত্রাদি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

ক)	পারিবারিক পেনশন ফরম ২.২	১ কপি
খ)	পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	৩ কপি
গ)	মৃত্যুর সনদ (হাসপাতাল কর্তৃক)	১ কপি
ঘ)	শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঙ)	নমুনা স্বাক্ষর ও ছাতের পাঁচ আঙ্গুলের ছাপ	১ কপি
চ)	উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	১ কপি
ছ)	উত্তরাধিকারী কর্তৃক মাতাকে ক্ষমতা হস্তান্তর পত্র	১ কপি
জ)	না-দাবী সনদপত্র	১ কপি
ঝ)	জাতীয় পরিচয়পত্র	১ কপি
ঞ)	চাকুরী বহি	এক সেট।
৪।	এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।	

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক
ফোন-০২-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০২০.১৬/৮০৬ (৫)

তারিখঃ ২৫/১১/২০১৬ইং।

- অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-
- ১। অধ্যক্ষ, কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট, কুমিল্লা। এ তার ০৪/১০/২০১৬ইং তারিখের ৪৫৫ নং স্বাক্ষরের বরাতে করা হল।
 - ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
 - ৩। আই.সি. টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
 - ৪। জনাব নাসিমা আক্তার, স্বামী-মৃত মোঃ আবুল হাসেম, প্রাক্তন ড্রাফটসম্যান, কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট, কুমিল্লা। বর্তমান ঠিকানাঃ গ্রাম-গাংচর, পোঃ গান্ধী, থানা-দেবিদ্বার, জেলা-কুমিল্লা।
 - ৫। সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক
ফোন-০২-৮১৮১২২৫